আল্লাহর কসম, আল্লাহর নিকট দুনিয়া তোমাদের কাছে এটার চেয়েও বেশী মূল্যহীন।

জাবির রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বাজারে অতিক্রম করলেন। আর মানুষেরা তার দু’পাশে ছিল। ইত্যবসের ছোট কান বিশিষ্ট একটি মৃত ছাগলের পাশ দিয়ে অতিক্রম করলেন। তিনি সেটার কানে ধরলেন এবং বললেন: “তোমাদের কে এটাকে এক দিরহামের বিনিময়ে নিতে আগ্রহী?” তারা বলল: এটাকে কোনো
জিনিসের বিনিময়েই নিতে আগ্রহী নই, আমরা এটা দিয়ে করব? অতঃপর বললেন: “এটা তোমাদের
হোক কেউ চাও না?” তারা বলল: আল্লাহর কসম, এটা জীবিত থাকলেও তার ভেতর দোষ ছিল। কারণ
তার কান ছোট। আর মৃত অবস্থায় এটাকে কিভাবে পছন্দ করি! তিনি বললেন: “আল্লাহর কসম! তোমাদের কাছে এটা যেমন মূল্যহীন দুনিয়াটা আল্লাহর নিকট এর চেয়েও বেশী মূল্যহীন।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

জাবির রাদিয়াল্লাহু আনহু আমাদের সংবাদ দিচ্ছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বাজারের ভেতর কান কাটা মৃত ছোট একটি ছাগলের পাশ দিয়ে অতিক্রম করলেন। তিনি সেটা ধরে উপরে তুললেন এবং বললেন: “তোমাদের কেউ আছে কি যে এটাকে এক দিরহামের বিনিময়ে গ্রহণ করবে? তারা বলল, হে আল্লাহর রাসূল কোনো কিছুর বিনিময়েই সেটা গ্রহণ করতে চাই না। তিনি বললেন: তোমাদের কেউ কি তার মালিক হতে চায়? তারা বলল: না, তখন তিনি বললেন: আল্লাহর নিকট দুনিয়া এই মৃত ছাগলের চেয়েও মূল্যহীন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার সাথী ও পরবর্তী উম্মতের নিকট ব্যাখ্যা করতে চেয়েছেন যে, আল্লাহর নিকট দুনিয়া এই মৃত ছাগলের চেয়েও মূল্যহীন, যেই ছাগল কোনো সুস্থ মানুষ পছন্দ করে না। আখিরাতের তুলনায় এটাই দুনিয়ার অবস্থা। আল্লাহর নিকট দুনিয়ার কোনো মূল্য নেই। একটি মাছির পরের সমানও নয়। যেমন, সাহাল বিন সা’দ রাদিয়াল্লাহু আনহুর হাদীসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণিত, “আল্লাহর নিকট দুনিয়া যদি মাছির একটি পরের সমতুল্য হত, তিনি তা থেকে কোনো কাফিরকে এক ঢোক পানিও পান করতে দিতেন না।” হাদীসটি বর্ণনা করেছেন তিরিমিযী, হাদীস নং (২৩২০) শাইখ আলবানী হাদীসটিকে সহীহ ও দাঈফ তিরমিযীতে সহীহ বলেছেন। হাদীস নং (২৩২০) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো চেয়েছেন, তার সাহাবী ও তার উম্মত যেন দুনিয়াকে আল্লাহর সন্তুষ্টি অর্জনের উসিলা হিসেবে গ্রহণ করে। দুনিয়াকে কখনো আসল উদ্দেশ্য ও তাদের চূড়ান্ত লক্ষ্যবস্তুতে পরিণত না করে। কারণ, এতে তাদের ধ্বংস রয়েছে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4178